- Please refer the process memorandum for detailed information.

**Last date for submission of Eligibility Documents : 4 December 2023, Monday**
**Last date for data room access, site visit, discussion meetings : 12 December 2023, Tuesday**
**Last date of EMD submission : 14 December 2023, Thursday upto 5:00 PM**
**Date and time of E-Auction : 16 December 2023, Saturday (Between 10:00 A.M. to 01:00 P.M.)**

Note: The detailed Terms & Conditions, E-Auction Application Form & other details of online auction are available on http://www.pda.nesl.co.in

In case of any clarifications, please contact the undersigned at liq.mahalaxmiagro@rirp.co.in

**Date : 04 November 2023**
**Place : Mumbai**

**Sd/-**
**Kamal Kishor Gurnani**
**As Liquidator of Shree Mahalaxmi Agro Farms Private Limited**
**vide Hon'ble NCLT order dated 24th February 2023**
**IBBI Registration: IBBI/IPA-001/IP/P-01463/2018-2019/12338**
**Authorization for Assignment valid till 14th December 2023**
**Address: Renascence Insolvency Resolution Professionals Private Limited, 101, Kanakia Atrium 2, Cross Road A, Chakala MIDC, Andheri East, Mumbai - 400093.**
**Email: liq.mahalaxmiagro@rirp.co.in**

## SHREE GAJANAN AGRO FARMS PRIVATE LIMITED

**Liquidator's Address- Flat No. 402, Plazio CHA Building 23E, Near S.M. Shetty School, Powai, Mumbai - 400076**
**Corresponding Address: Renascence Insolvency Resolution Professionals Private Limited at 101, Kanakia Atrium 2, Cross Road A, Chakala MIDC, Andheri East, Mumbai - 400093.**
**Contact: +91 9082156208; Email: liq.gajananagro@rirp.co.in, kamalgurnaniip@gmail.com**

**E -AUCTION - SALE OF ASSETS UNDER IBC, 2016**
**Date and Time of Auction: 16 December 2023 (Saturday) at 02:00 P.M. to 05:00 P.M.**
**(With unlimited extension of 5 minutes each)**

E-Auction Sale of Assets by **SHREE GAJANAN AGRO FARMS PRIVATE LIMITED** (In Liquidation) forming part of Liquidation Estate under section 35(f) of IBC 2016 read with Regulation 33 of Liquidation Process Regulations. E-Auction will be conducted on **"AS IS WHERE IS, AS IS WHAT IS, WHATEVER THERE IS AND NO RECOURSE BASIS".**

The Sale will be done by undersigned through e-auction service provider National E-Governance Services Limited via website http://www.pda.nesl.co.in

**(Amount in INR)**

| Options. | Asset | Reserve Price | EMD Amount | Incremental Bid Amount |
|---|---|---|---|---|
| A | Sale of Corporate Debtor as a Going Concern<br>Date and Time of Auction: 16 December 2023 at 02:00 P.M. to 03:00 P.M. | | | |
| 1. | Sale of Corporate Debtor as a going concern (Under Regulation 32(e) of Liquidation Regulations, 2016) | 5,70,00,000 | 57,00,000 | 10,00,000 |
| B | Sale of Assets in parcel<br>(In case no bids received for Auction under Sr. No. A)<br>Date and Time of Auction: 16 December 2023 at 04:00 P.M. to 05:00 P.M. | | | |
| 1 | Land at Mouje-Shevare-Ombal, Taluka – Devgad, Sindhudurg | 5,70,00,000 | 57,00,000 | 10,00,000 |

**Notes to Auction Process:**

- Bidding in both the options shall be allowed on submission of EMD for each Option/lot.
- If Highest bidder under Option A offers bid value as mentioned in point above, H1 bidder under Option A shall be declared as the successful bidder and E-auction under Option B shall stand cancelled. Else the Highest bidder under Option B as the case may be declared as the successful bidders.
- Please refer the process memorandum for detailed information.

**Last date for submission of Eligibility Documents : 4 December 2023, Monday**
**Last date for data room access, site visit, discussion meetings : 12 December 2023, Tuesday**
**Last date of EMD submission : 14 December 2023, Thursday upto 5:00 PM**
**Date and time of E-Auction : 16 December 2023, Saturday (Between 02:00 P.M. to 05:00 P.M.)**

Note: The detailed Terms & Conditions, E-Auction Application Form & other details of online auction are available on http://www.pda.nesl.co.in

In case of any clarifications, please contact the undersigned at liq.gajananagro@rirp.co.in

**Date : 04 November 2023**
**Place : Mumbai**

**Sd/-**
**Kamal Kishor Gurnani**
**As Liquidator of Shree Gajanan Agro Farms Private Limited**
**vide Hon'ble NCLT order dated 17th March 2023**
**IBBI Registration: IBBI/IPA-001/IP/P-01463/2018-2019/12338**
**Authorization for Assignment valid till 14th December 2023**
**Address: Renascence Insolvency Resolution Professionals Private Limited, 101, Kanakia Atrium 2, Cross Road A, Chakala MIDC, Andheri East, Mumbai - 400093.**
**Email: liq.gajananagro@rirp.co.in**

# ডিএ আন্দোলন মঞ্চে নাটক করায় চাকদহ নাট্যজনের নাট্যোৎসব বন্ধ করার অভিযোগ

**উজ্জ্বল দত্ত, কলকাতা :** বৃহস্পতিবার শহিদ মিনার ময়দানে ডিএ আন্দোলনকারীদের মঞ্চে 'জগাখিচুড়ি' নাটক মঞ্চস্থ করেছিল চাকদহ নাট্যজন দল। এরপরই কল্যাণী ঋত্বিক সদনে চাকদহ নাট্যজনের ৪দিনের নাট্য উৎসব বন্ধ করে দেওয়ার অভিযোগ উঠেছে। যদিও কল্যাণী পুরসভার তরফে বলা হয় ওই ৪দিন ওই হলে সরকারি অনুষ্ঠানের জন্য নাট্য উৎসব বাতিল করা হয়েছে। প্রখ্যাত নাট্য পরিচালক দেবেশ চট্টোপাধ্যায় নির্দেশিত নাট্য উৎসব বাতিলের পরই শুরু হয়েছে বিতর্ক। বৃহস্পতিবারই ডিএ আন্দোলনকারীদের সংগ্রামী যৌথ মঞ্চে চাকদহ নাট্যজনের জগাখিচুড়ি নাটক প্রদর্শিত হয়। এদিকে সেদিনই কল্যাণী পুরসভার তরফে চিঠি ধরানো হয় চাকদহ নাট্যজনকে। জানানো হয়, কল্যাণী ঋত্বিক সদন প্রেক্ষাগৃহে তাদের উৎসব বাতিল করা হচ্ছে।




২৩-২৬ নভেম্বর পর্যন্ত এখানেই চাকদহ নাট্যজনের নাট্যোৎসব হওয়ার কথা ছিল। এদিকে চাকদহ নাট্যজনের নাটক উৎসবে দেবেশ চট্টোপাধ্যায়ের নির্দেশিত ৬টি নাটক দেখানোর কথা ছিল। বৃহস্পতিবারই চাকদহ নাট্যজনের সম্পাদক সুমন পাল ফেসবুকে ১টি পোস্ট করে লেখেন, 'আজকের দিনটা চাকদহ নাট্যজনের কাছে অনেক গুরুত্বপূর্ণ দিন। আজ আমাদের জগাখিচুড়ি নাটকের অভিনয় সংগ্রামী যৌথ মঞ্চে করতে পেরেছি। আমরা সত্যিই অভিভূত। এত মানুষ রাতের পর রাত নিজেদের ন্যায্য দাবিতে খোলা আকাশের নিচে রয়েছেন। তাঁদের এই লড়াইয়ের শরিক আজ আমরা হতে পারলাম। এরপরই সন্ধ্যা ৭.৩০ মিনিটে তপন থিয়েটারে আমরা প্রচুর মানুষের সামনে জগাখিচুড়ি অভিনয় করলাম। সবার ভালোবাসায় আমরা আপ্লুত।' একইসঙ্গে তাঁর আরো সংযোজন, 'দেবেশ চট্টোপাধ্যায় নির্দেশিত নাট্যউৎসব বাতিল। বৃহস্পতিবার আমাদের কাছে সন্ধ্যা ৭.১৯ মিনিটে কল্যাণী পুরসভা ই-মেল করে জানায়, ২৩-২৬ নভেম্বর পর্যন্ত সরকারি অনুষ্ঠানের জন্য প্রেক্ষাগৃহ ব্যবহার বাতিল করা হয়েছে। আমরা এই ৪দিনে দেবেশ চট্টোপাধ্যায় নির্দেশিত ৬টি নাটক কল্যাণী শহরে মঞ্চায়ন করতে চেয়েছিলাম। সেখানে উৎপল দত্তের ব্যারিকেড নাটকও ছিল। থিয়েটারের মতো গুরুত্বপূর্ণ কাজকে স্থগিত করে ওই ৪দিন মঞ্চে কোন সরকারি অনুষ্ঠান হবে তার অপেক্ষায় থাকলাম। আমাদের সামান্য শক্তি নিয়ে এই আয়োজন করতে চেয়েছিলাম। সব লণ্ডভণ্ড হয়ে গেল। যাঁরা টিকিট কেটেছেন তাঁদের টাকা আমরা ফেরত দেব। আমরা পুরো ঘটনার জন্য ক্ষমাপ্রার্থী।' সুমন পালের পোস্টটি সোশাল মিডিয়ায় শেয়ার করে নাট্য ব্যক্তিত্ব দেবেশ চট্টোপাধ্যায় লেখেন, 'ইতিহাসের পুনরাবৃত্তি ২০০৩-২০২৩।' এদিকে এই ঘটনাকে প্রতিহিংসা হিসাবে দেখছেন সংগ্রামী যৌথ মঞ্চের প্রতিনিধিরা। তাঁদের বক্তব্য, এটা সরকারের প্রতিহিংসা পরায়ণ আচরণ। সংগ্রামী যৌথ মঞ্চের নাটক মঞ্চস্থ করার জন্যই সরকার তাদের অনুষ্ঠান বাতিল করে দিল। তবে এর আগে বাম আমলেও এছবি দেখা গেছে। একাধিক নাটকে কোপ পড়েছে। কল্যাণী পুরসভার তরফে কোনও বক্তব্য মেলেনি। ফোনে দেবেশ চট্টোপাধ্যায় বলেন, 'সত্যি যদি সংগ্রামী যৌথমঞ্চে নাটক করার সঙ্গে এর যোগ থাকে তাহলে এর থেকে লজ্জার কিছু নেই। ক্ষমতা কখনো বিরুদ্ধ কণ্ঠ পছন্দ করে না। পশুখামার বা উইঙ্কল টুইঙ্কলের সময় যা ঘটেছিল আজও তা ঘটতে পারে।'

## বিশ্বকাপের টিকিট নিয়ে কালোবাজারি

# সিএবিকে ডেকে পাঠাল পুলিশ

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** রবিবার ইডেনে ভারত-দক্ষিণ আফ্রিকার ম্যাচের টিকিট বিক্রি নিয়ে কালোবাজারির ভুরি ভুরি অভিযোগ আসতেই তদন্তে নেমেছে কলকাতা পুলিশ। অনলাইনে টিকিট বিক্রিতে অস্বচ্ছতার অভিযোগ থেকে শুরু করে টিকিটের দেদার কালোবাজারির অভিযোগ উঠেছে। বিশ্বকাপের টিকিটের হাহাকারের মধ্যেই রাজনীতির রঙ লাগতে শুরু করেছে। শুক্রবার সকালে ইডেনের সামনে এনিয়ে বিক্ষোভও দেখান দক্ষিণ কলকাতা জেলা কংগ্রেসের কর্মী ও সমর্থকরা। প্রসঙ্গত, রবিবারের ম্যাচের টিকিটের খুবই চাহিদা। ক্রিকেটপ্রেমীরা টিকিটের জন্য ছোটাছুটি করছেন। আর এরমধ্যেই টিকিটের কালোবাজারির অভিযোগ উঠেছে। ৯০০ টাকার টিকিট বিক্রি হচ্ছে ৮ হাজার টাকায়। পুলিশও কড়া পদক্ষেপ করতে নেমে পড়েছে। ১ নভেম্বর থেকে ৭টি আলাদা মামলায় মোট ১৬ জনকে গ্রেফতার করেছে পুলিশ। বাজেয়াপ্ত হয়েছে প্রায় ১০০'র কাছাকাছি টিকিট। এদিকে টিকিট সংক্রান্ত ব্যাপারে ময়দান থানায় অভিযোগ আসতেই পদক্ষেপ করেছে পুলিশ। অনলাইনে টিকিট বিক্রয়কারী সংস্থাকে ও সিএবিকে নোটিশ পাঠিয়েছিল ময়দান থানা। তার প্রেক্ষিতে শুক্রবার দুপুরেই ময়দান থানায় হাজিরা দেন অনলাইন টিকিট বিক্রয়কারী সংস্থার অফিসাররা। সূত্রের খবর, সিএবি সভাপতি স্নেহাশিস



গাঙ্গুলিকেও পুলিশের তরফে চিঠি পাঠানো হয়েছে। সিএবি সভাপতি বা তাঁর কোনো প্রতিনিধিকে থানায় এসে তদন্তে সহযোগিতা করার জন্য বলা হয়েছে। এদিকে ইডেন ম্যাচের এই টিকিট বিতর্কের মধ্যেই তদন্তে নেমেছে লালবাজারের গোয়েন্দা বিভাগের অফিসাররাও। অনলাইন টিকিট বিক্রয়কারী সংস্থার অফিসাররা হাজিরা দেওয়ার পরই লালবাজার থেকে গোয়েন্দা বিভাগের ৮ সদস্যের ১টি দল পৌঁছে যায় ময়দান থানায়। সূত্রের খবর, অনলাইন টিকিট বিক্রয়কারী সংস্থার অফিসারদের জিজ্ঞাসাবাদ করবেন লালবাজারের গোয়েন্দারা।

# বিজেপির শীর্ষ নেতা রবীন্দ্রনাথ সেজে ঠকাতে চেয়েছিলেন : মনোজ তিওয়ারি

**ভাস্কর বিশ্বাস, হাওড়া :** শুক্রবার এক সাংবাদিক বৈঠকে নাম না করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে আক্রমণ করেন রাজ্যের ক্রীড়া প্রতিমন্ত্রী মনোজ তিওয়ারি। এদিন তিনি বলেন, 'বিজেপির এক শীর্ষ নেতা রবীন্দ্রনাথ ঠাকুর সেজে এসেছিলেন। তিনি ভেবেছিলেন রবীন্দ্রনাথ সেজে, বাংলার মানুষকে মিথ্যে কথা বলে, ভুল বুঝিয়ে ঠকাবেন। কিন্তু বাংলার মানুষ আগে থেকেই সচেতন ছিল।' মন্ত্রী আরো বলেন, 'আজ পর্যন্ত বিজেপি প্রাপ্য টাকা দেয়নি। কবে টাকা দেবে তার কোনো হিসেব নেই। এরা পেটে মারার চেষ্টা করছে। ২০২১ সালে কেন্দ্রের বিজেপি সরকারের এক শীর্ষ নেতৃত্ব বলে গিয়েছিলেন, আপকি বার ২০০ পার। এটা ভুল করে উনি আমাদের হয়ে বলেছিলেন। কারণ আমাদের আসন ২০০ পার হয়ে গিয়েছিল। ২০২১এর বিধানসভায় যেভাবে হেরেছিল সেটা হজম হয়নি। তবে এই হারের পর ওদের অহংকার ভেঙে গেছে। তারা মনে করেছিল অন্যান্য রাজ্যে যেমন বিধায়কদের কিনে সরকার গড়েছে, এখানেও তেমনভাবে সরকার গড়বে। কিন্তু বাংলার মানুষ অনেক আগেই বুঝতে পেরেছিল। সেই কারণে তৃণমূল তৃতীয়বার ক্ষমতায় এসেছে। ইডি সিবিআইয়ের মতো এজেন্সিদের ব্যবহার করে নেতৃত্বের বাড়িতে অভিযান চালানো হচ্ছে। এটা শুধুমাত্র বাংলায় নয়, যে রাজ্যে বিজেপি সরকার নেই সেখানে বিজেপি এভাবে ভয় দেখাচ্ছে। পঞ্চায়েত ভোটেও পরাস্ত হয়েছে। ১০০ দিনের টাকা রাজ্য আটকে রেখেছে বলে যে প্রচার করছে এটা ভুল। মানুষ দেখেছে তৃণমূল নেতৃত্ব প্রাপ্য টাকা উদ্ধারের জন্য লড়াই করছে।'



**ছট পুণ্যার্থীদের জন্য ১৭নং জামির লেনে কলকাতা পুরনিগমের উদ্যোগে ও পুর প্রতিনিধি সুদর্শনা মুখার্জির ব্যবস্থায় কৃত্রিম জলাশয় তৈরি চলছে।**

# এনআইটি দুর্গাপুরের বিরুদ্ধে পোস্টার

**সুবীর রায়, দুর্গাপুর :** কার্যভার নেওয়ার পর থেকেই পড়ুয়া আর অধ্যাপকদের কাছ থেকে ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেকনোলজি'র (এনআইটি) ডিরেক্টর অরবিন্দ চৌবের বিরুদ্ধে নানা অভিযোগ উঠছিল। এই পরিস্থিতির মধ্যেই শুক্রবার সকালে এনআইটির বাইরে ও দুর্গাপুর আদালত চত্বরে ওই শিক্ষা কেন্দ্রের ডিরেক্টরের বিরুদ্ধে ক্ষোভ জানিয়ে ৮ দফা অভিযোগ তুলে পোস্টার সাঁটানো হয়। ওই সব অভিযোগের মধ্যে রয়েছে অধস্তন কর্মীদের সঙ্গে খারাপ ব্যবহার করা, ১০০টি শূন্য পদ পড়ে থাকার পড়েও নিয়োগ না করা, রেজিস্ট্রারের পদ ফাঁকা থাকলেও সেখানে কাউকে নিয়োগ না করা, পিএইচডি ছাত্রছাত্রীদের স্টাইপেন কমিয়ে দেওয়া সহ অন্যান্য। তবে শহরের ২টি জায়গায় এ ধরনের পোস্টার কে বা কারা দিয়েছে তা নিয়ে শোরগোল পড়ে গেছে। এনিয়ে এনআইটি'র ডিরেক্টর অরবিন্দ চৌবে বলেন, 'কে বা কারা এ ধরনের পোস্টার শিক্ষাকেন্দ্রের বাইরে বা আদালত চত্বরে সাঁটিয়েছে তা বলতে পারব না। তবে যে যা ইচ্ছে এই পোস্টার নিয়ে ভাবতে পারে। আমি জানি কোনো অন্যায় করিনি।'

# কলকাতা পুলিশের ১০ কর্মীকে পুরস্কৃত করছে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** জঙ্গি অভিযানে বিশেষ সাফল্য পাওয়ার জন্য কলকাতা পুলিশের ১০ পুলিশকর্মীকে সম্মানিত করছে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক। কলকাতা পুলিশবাহিনী যেভাবে তল্লাশি চালিয়ে বিভিন্ন জঙ্গি সংগঠনের সদস্যদের গ্রেফতার করেছে, তাতেই মিলছে এই স্বীকৃতি। স্বরাষ্ট্রমন্ত্রকের 'স্পেশাল অপারেশন অ্যাওয়ার্ড ২০২৩' পাচ্ছে কলকাতা পুলিশের স্পেশাল টাস্ক ফোর্সের ১০জন পুলিশকর্মী। পুরস্কার প্রাপকের তালিকায় রয়েছেন, যুগ্ম কমিশনার ভি সলেমন নিশাকুমার, ডিসি হরেকৃষ্ণ পাই, ইন্সপেক্টর সৌমিত্র বসু, শ্রীপ্রসন্ন দিকপতি, সার্জেন্ট অম্বুজ সিংহ, সাব ইন্সপেক্টর সুকান্ত দাস, দেবাশিস রাউথ, কনস্টেবল আব্দুল মাজিজ শেখ, হেমন্ত মাইতি ও সৌম্যজিৎ দাস। কলকাতা পুলিশ ছাড়াও এবার সিআরপিএফ, এনআইএ, এনসিবি ও অন্যান্য রাজ্যের পুলিশের সদস্যদেরও এই বিশেষ পুরস্কারের জন্য চিহ্নিত করা হয়েছে। সাম্প্রতিককালে আনসারুল্লা বাংলা টিম ও আল কায়দা ইন ইন্ডিয়ান সাব-কন্টিনেন্ট - এই সব জঙ্গি সংগঠন রাজ্যে জাল বিস্তার করছে বলে খবর পেয়ে লাগাতার অভিযান চালায় কলকাতা পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স। ২০২২ সালে পরপর ৩ বার অভিযান চালিয়ে সাফল্যের সঙ্গে একাধিক জঙ্গিকে গ্রেফতার করেছে এসটিএফ। সেই কারণেই স্বরাষ্ট্রমন্ত্রকের তরফে এই বিশেষ সম্মান দেওয়া হচ্ছে। গত বছরের আগস্ট মাসে কলকাতা পুলিশের এসটিএফ উত্তর ২৪ পরগনা থেকে ২ জঙ্গি সন্দেহভাজনকে গ্রেফতার করেছিল।

# ১০০ দিনের টাকা না দিলে অন্য ব্যবস্থা : দেবু টুডু

**বিপুন ভট্টাচার্য, বর্ধমান :** শুক্রবার পূর্ব বর্ধমান জেলা তৃণমূল কংগ্রেসের উদ্যোগে বিজয়া সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে কড়া ভাষায় কেন্দ্রের বিজেপি সরকারকে আক্রমণ করেছেন তৃণমূল কংগ্রেসের রাজ্য এসটি সেলের চেয়ারম্যান দেবু টুডু। এদিন তিনি বলেন, '১০০ দিনের কাজ করে বিজেপি সরকার প্রাপ্য টাকা দিচ্ছে না। রাজ্যের এক বিজেপি নেতার কথায় টাকা আটকে দিয়েছে। অথচ এই ১০০ দিনের কাজ যাঁরা করেছেন তাঁরা যেমন তৃণমূল কংগ্রেস করেন, তেমন বিজেপি, সিপিএম, কংগ্রেস সহ অন্যান্য দলও করেন। সাধারণ খেটে খাওয়া মানুষের কষ্টের এই টাকা দিতেই হবে বিজেপি সরকারকে। এর প্রতিবাদে সবাইকে রাস্তায় নামতে হবে। টাকা না দিলে বিজেপি করতে দেওয়া যাবে না।' তিনি আরো বলেন, 'কেন্দ্রীয় সরকার এই জেলায় একটাও দুর্নীতির প্রমাণ দিতে পারেনি। কোনো এফআইআরও করেনি। তাহলে কেন টাকা আটকে রাখবে। এজন্যই আমাদের আন্দোলন চলছে।'

# উখড়া বিদ্যুৎ দফতরে বামদের বিক্ষোভ

**অগ্নি বন্দ্যোপাধ্যায়, অণ্ডাল :** স্মার্ট মিটার প্রকল্প বাতিল ও বিদ্যুৎ ক্ষেত্রে বেসরকারিকরণ রুখতে শুক্রবার বেলা ১১টা থেকে দুপুর পর্যন্ত উখড়া বিদ্যুৎ কার্যালয়ে সিপিআই(এম) দলের দামোদর অজয় নর্থ এরিয়া সমন্বয় কমিটির পক্ষ থেকে বিক্ষোভ দেখানো হয়। বিক্ষোভ শেষে বিদ্যুৎ দফতরের আধিকারিকের হাতে দাবিপত্র তুলে দেওয়া হয়। সংগঠনের তরফে অঞ্জন বকসি জানান, 'প্রচলিত বিদ্যুৎ মিটারে বদলে স্মার্ট মিটার লাগানোর প্রকল্প নিয়েছে বিদ্যুৎ দফতর। এই প্রকল্প বাস্তবায়িত হলে সমস্যায় পড়বেন বিদ্যুৎ গ্রাহকরা। কারণ এর জেরে বাড়বে বিদ্যুৎ খরচের মাসুলও। প্রচলিত বিদ্যুৎ মিটার বদলে তার জায়গায় স্মার্ট মিটার লাগানো আসলে বিদ্যুৎ ক্ষেত্রকে বেসরকারিকরণ করার একটা চক্রান্ত। সেই লক্ষ্যে এটা প্রাথমিক ধাপ।'

# বারাকপুর লোকসভায় তৃণমূল প্রার্থী নিয়ে জবাব এড়ালেন সেচমন্ত্রী পার্থ

**শোভনলাল রাহা, নৈহাটি :** আসন্ন লোকসভা ভোটের ঠিক আগে বারাকপুরের রাজনৈতিক মহলে সবচেয়ে চর্চিত প্রশ্ন এবার বারাকপুরে তৃণমূলের সম্ভাব্য প্রার্থী কে? আর রাজ্যের সেচ ও জলপথ মন্ত্রী পার্থ ভৌমিকের সাংবাদিক বৈঠকে সেই প্রশ্ন করা হলে তিনি জবাব এড়ালেন। ডিপ্লোম্যাটিক উত্তর দিয়ে বললেন, প্রার্থী ঠিক করবে দল। মন্ত্রী জবাব এড়ালেও এই মহকুমায় সব দলের চায়ের টেবিলে তুফান উঠছে এই একটি প্রশ্ন ঘিরেই। তৃণমূলের কর্মী ও সমর্থকরা তো বটেই, বিরোধী দলের কর্মী ও সমর্থকরাও চর্চা করছেন এনিয়ে। কারণ, গত লোকসভা নির্বাচনে বিজেপির টিকিটে জেতা সাংসদ অর্জুন সিং এখন রয়েছেন ঘাসফুল শিবিরে। গতবারের মতই এবারেও তাঁর পাখির চোখ বারাকপুর লোকসভা কেন্দ্রের টিকিট। কিন্তু তৃণমূল তাঁকে লোকসভার টিকিট দিলেও বারাকপুর থেকে দেবে কি? সূত্রের খবর, এবার অর্জুন সিংকে তৃণমূল লোকসভার প্রার্থী করলেও তা আসানসোল বা বসিরহাট থেকে অফার করা হচ্ছে। কিন্তু অর্জুনের পাখির চোখ নাকি বারাকপুরই। আর সমস্যা সেখানেই। কারণ, অর্জুনকে তৃণমূলের একাংশ এখনো মেনে নিতে পারেনি বলে রাজনৈতিক মহলে গুঞ্জন। দলীয় শৃঙ্খলার কারণে সংবাদ মাধ্যমে এ নিয়ে কেউ মুখ না খুললেও ঘনিষ্ঠ বৃত্তে কান পাতলেই শোনা যায়, জগদ্দল, নোয়াপাড়া ও বীজপুরের বিধায়কদের সঙ্গে অর্জুনের সম্পর্কের রসায়ন এখনও মসৃণ নয়। নৈহাটির বিধায়ক তথা মন্ত্রী পার্থ ভৌমিকের সঙ্গে অর্জুন সিংয়ের সম্পর্ক মৌখিকভাবে ভালো হলেও রাজনৈতিক বিশ্লেষকরা বলেন, সবটাই নাকি লোক দেখানো। আসলে অর্জুন আর পার্থ দু'জনের রাজনৈতিক ঘরানাই তাঁদের মধ্যে তফাৎ গড়ে দিয়েছে। একজনের মূল শক্তি যদি জনসমর্থন হয়, তবে অন্যজন এগিয়ে সাংগঠনিক ক্ষমতা ও নেতৃত্ব দেওয়ার সুনিপুণ দক্ষতায়। অর্জুন যেমন ২০০৬ সালে ভাটপাড়া থেকে জিতে দলকে বিরোধী দলের তকমা পাইয়ে দিয়েছিলেন, পার্থ আবার ২০১৯ সালে লোকসভার পর দলের ক্রাইসিস পিরিয়ডে কিং মেকার হিসাবে সুবোধ অধিকারীকে তুলে এনে এলাকায় তৃণমূলের হারানো জমি ফিরিয়ে আনতে অভূতপূর্ব ভূমিকা নিয়েছিলেন। ২০২১সালের বিধানসভায় এই পার্থ ভৌমিক বারাকপুর লোকসভার অন্তর্গত ৭টি বিধানসভার মধ্যে ৬টি বিধানসভা ক্ষেত্রে জেতানোর ব্যাপারে সফল অধিনায়কের ভূমিকা নেন। এরপর তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের হাত ধরে অর্জুন সিং তৃণমূলে ফিরলেও হারানো জমি ফিরে পাননি। কারণ, তিনি যেদিন তৃণমূল ছেড়েছিলেন সেদিনও ছিলেন এককথায় ভাটপাড়া জগদ্দল এলাকার বেতাজ বাদশা। কিন্তু বিজেপি থেকে তিনি যখন ফিরলেন, তখন তাঁর মাথার ওপর শতাধিক মামলা। তাঁর নীচুতলার অনুগামীদের অনেকেই কেউ জেলে, কেউ বেলে। অনেকেই ভেবেছিলেন, অর্জুন সিংকে তৃণমূলের বারাকপুর-দমদম জেলার সভাপতি করা হবে। কিন্তু তা হয়নি। বিরোধীরা বলেন, বীজপুর, নৈহাটি, জগদ্দল বিধানসভার কোণঠাসা কর্মীদের ডাকে ছোটোখাটো অনুষ্ঠানে নিজের অস্তিত্ব জানান দিতে যান অর্জুন। এমতাবস্থায় তাই বারাকপুর কেন্দ্রের লোকসভার টিকিটই অর্জুনের একমাত্র লক্ষ্য। গত লোকসভা ভোটে এই প্রার্থী পদ ঘিরেই বাকবিতন্ডা ও মনোমালিন্য ছিল। আর তার জেরেই দল ছেড়েছিলেন তৃণমূলের ভাটপাড়ার ৫বারের বিধায়ক অর্জুন সিং। সেবার অর্জুন অনেক আগে থেকেই তাঁর অনুগামীদের বলেছিলেন, দলের সুপ্রিমো বলেছেন লোকসভায় বারাকপুরে তাঁকেই ঘাসফুলের প্রার্থী করা হবে। কিন্তু কার্যত দেখা গেল ২ বারের স্ট্যান্ডিং সাংসদ দীনেশ ত্রিবেদীকেই ২০১৯ সালের লোকসভায় ফের টিকিট দেওয়া হল। আর এই ঘোষণা হতেই ভাটপাড়ার বিধায়ক তথা পুরপ্রধান অর্জুন সিং বৈঠক ছেড়ে বেরিয়ে সোজা দিল্লি যান। কয়েকদিন পরে বিজেপিতে যোগ দেন। বিজেপির টিকিটেই বারাকপুর থেকে প্রার্থী হন। ঘটনার ক্লাইমেক্সে দেখা গেল তৃণমূলের ২ বারের সাংসদ দীনেশ ত্রিবেদীকে হারিয়ে ভোটে জিতলেন অর্জুন সিং। বারাকপুর হাতছাড়া হল তৃণমূলের। আর বারাকপুরের রাজনৈতিক পরিস্থিতি ও সামাজিক জনজীবন অশান্ত হয়ে ওঠে। দীর্ঘ টানাপোড়েনের পর আপাত শান্ত এই পরিস্থিতিতে তাই সবার নজর আগামী লোকসভায় তৃণমূলের প্রার্থী বাছাইয়ের দিকেই। কারণ, রাজনৈতিক বিশ্লেষকদের একাংশের প্রশ্ন, গত লোকসভা ভোটে বারাকপুরে ভরাডুবির পর এবারও কি আর ঝুঁকি নিতে চাইবেন তৃণমূল নেতৃত্ব? অর্জুনের পাশাপাশি বারাকপুরের বিধায়ক রাজ চক্রবর্তী ও বীজপুরের বিধায়ক সুবোধ অধিকারীর নাম শোনা যাচ্ছে। আবার রাজনৈতিক বিশ্লেষকদের কেউ কেউ বলছেন, টিম ইন্ডিয়া জোটের এই রাজ্যের কাণ্ডারি অভিষেক বন্দ্যোপাধ্যায় হয়তো তাঁর বিশ্বস্ত এমন কোনো সৈনিককে শেষ পর্যন্ত প্রার্থী করতে পারেন, যিনি এই লোকসভার অন্তর্গত ৭টি বিধানসভার সিংহভাগ বিধায়কের কাছেই গ্রহণযোগ্য আর একইসঙ্গে স্বচ্ছ ও সাংস্কৃতিক ইমেজ ও সাংগঠনিক দক্ষতাও আছে। সেক্ষেত্রে ইচ্ছার বিরুদ্ধে হলেও তৃণমূল সেনাপতির নির্দেশ মেনে নিতে হতে পারে দলের দুর্দিনের সঙ্গী তেমন কোনো সৈনিককে। তবে শেষপর্যন্ত কী হয়, সেদিকেই তাকিয়ে রাজনৈতিক মহল।

# ৭ বছর পর ইন্টারভিউয়ের চিঠি বাড়িতে

**নিজস্ব সংবাদদাতা, বর্ধমান :** ডাকঘরের ত্রুটিতেই বর্ধমান শহরের নারকেল বাগান এলাকার বাসিন্দা চাকরিপ্রার্থী আশিস ব্যানার্জি কৃষি দফতরের চাকরির পরীক্ষায় বসতে পারলেন না বলে প্রাথমিক তদন্তে জানা গেছে। উল্লেখ্য, আশিস ব্যানার্জির কাছে ১ নভেম্বর ডাক মারফত ইন্টারভিউয়ের চিঠি আসে। তা খুলে তিনি দেখেন প্রায় ৭ বছর আগেই কৃষি দফতরের সেই পরীক্ষা হয় গেছে। এনিয়ে তিনি আইনি পরামর্শের কথা ভাবছিলেন। এদিকে, রাজ্য কৃষি দফতরে খোঁজ নিয়ে জানতে পারেন যে চিঠিটি আসে সেটি ভুয়ো নয়। ডাকঘরের গাফিলতির জন্যই কলকাতা থেকে সেই চিঠি বর্ধমানে আসতে ৭ বছর পার হয়ে গেছে। ডাকঘরের এই গাফিলতির জন্য তিনি মামলা করার প্রস্তুতি নিচ্ছেন।

**GOBARDANGA MUNICIPALITY**
**NOTICE INVITING E-TENDER**
**Tender No : WBMAD/ULB/GOBAR/NIT-9(e)/23-24, DT : 03.11.2023**
**Tender No : WBMAD/ULB/GOBAR/NIT-10(e)/23-24, Date : 03.11.2023**
The e-tender has hereby invited by the Chairman, Gobardanga Municipality. Name of the work : 1) Interior work 2) Toilet Block 3) Boundary Wall 4) Paver Block in various place under Gobandanga Municipality. Last date of submission of bid on 20.11.2023. For details visit : https://wbtenders.gov.in
Sd/-
Chairman
GOBARDANGA MUNICIPALITY

**RAMNAGAR-I GRAM PANCHAYAT**
**Baruipur Development Block**
e-Tenders are invited by the undersigned for completion of work of NIT NO- 11 & 12 of 23-24. Total no. of work 8. Last date and time of submission Bid document 08/11/23 up to 2:00 p.m. Details available in www.wbtenders.gov.in and at the office undersigned – by order.
Sd/-
Prodhan
Ramnagar-I Gram Panchayet
Baruipur Development Block

**OFFICE OF THE PRODHAN**
**TARABERIA GRAM PANCHAYAT**
Vill.Bargachia,P.O.-Kushdanga,P.S.-Amdanga,24th pgs(N)
NIT has been invited by the Pradhan, Taraberia GP under Amdanga Panchayat Samity, 24th Pgs.(N) vide following **NIT No. 652/TGP/2023-24 dated 02.11.2023** bearing Tender ID **2023_ZPHD_598779_1** to **2023_ ZPHD_598779_8 & NIT No. 653/TGP/ 2023-24 dated 02.11.2023** bearing Tender **ID 2023_ZPHD_ 598904_1** to **2023_ZPHD_598904_4. Last date of submission for both is** 15.11.2023 upto 11-00 hrs. For details follow website **http://wbtenders.gov.in**
Sd/-
Prodhan
Taraberia Gram Panchayat

**NOTICE INVITING e-TENDER**
NIT NO-
12/15th FC/2023-2024,
13/15th FC/2023-2024
Memo no- 836, 837 Date- 30/10/2023
The Pradhan, Debra-I Gram Panchayet invites percentage rate tenders through e-Tendering 15 nos scheme above said 2 (Two) nos NIT within Debra -I Gram Pachayet under Debra Block. Intending bidders may access detailed information & respond from e-procurement portal of Government of West Bengal at https://www.wbtenders.gov.in
Bid submission start Date on line **1/11/2023 at 6.00 PM. Bid submission end date 9/11/2023 at 6.00 PM.**
Sd/- Pradhan
Debra – I Gram Panchayet,
Paschim Medinipur

**NOTICE INVITING e-TENDER**
NIT NO-
14/15th FC/2023-2024,
15/15th FC/2023-2024
Memo no- 838, 839 Date- 30/10/2023
The Pradhan, Debra-I Gram Panchayet invites percentage rate tenders through e-Tendering 13 nos scheme above said 2 (Two) nos NIT within Debra -I Gram Pachayet under Debra Block. Intending bidders may access detailed information & respond from e-procurement portal of Government of West Bengal at https://www.wbtenders.gov.in
Bid submission start Date on line **2/11/2023 at 6.00 PM. Bid submission end date 9/11/2023 at 6.00 PM.**
Sd/- Pradhan
Debra – I Gram Panchayet,
Paschim Medinipur

**Office of the Tinpakuria Gram Panchayat**
Tinpakuria, Samserganj, Murshidabad
**NOTICE INVITING TENDER**
Notice inviting tender by the undersigned for 03 (Three) nos. of schemes within Tinpakuria G.P. Vide notice inviting Tender no.- 11/2023-24, Dated- 31/10/2023. For further details or any other quarry visit office of the undersigned on working days.
Sd/-
Prodhan
Tinpakuria Gram Panchayat
Tinpakuria, Samserganj, Dist.- Msd.

**Office of the Tinpakuria Gram Panchayat**
Tinpakuria, Samserganj, Murshidabad
**NOTICE INVITING TENDER**
Notice inviting tender by the undersigned for 05(Five) nos. of schemes within Tinpakuria G.P. Vide notice inviting Tender no.- 10/2023-24, Dated- 31/10/2023. For further details or any other quarry visit office of the undersigned on working days.
Sd/-
Prodhan
Tinpakuria Gram Panchayat
Tinpakuria, Samserganj, Dist.- Msd.

**ইজি ফিনকর্প লিমিটেড**
**CIN : L65920WB1984PLC262226**
রেজিস্টার্ড অফিস: ডানকান হাউস, চতুর্থ তল, ৩১ নেতাজী সুভাষ রোড, কলকাতা- ৭০০০০১
টেলি- ০৩৩ ৬৬২৫ ১০০০, ই-মেল : rpsg.secretarial@rpsg.in, ওয়েবসাইট : easyfincorp.com
৩০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও ষান্মাসিকেব অনিরীক্ষিত আর্থিক ফল
(লাখ টাকায়)

| বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক | | | সমাপ্ত ষান্মাসিক | | সমাপ্ত বছর |
|---|---|---|---|---|---|---|
| | ৩০.০৯.২০২৩ অনিরীক্ষিত | ৩০.০৬.২০২৩ অনিরীক্ষিত | ৩০.০৯.২০২২ অনিরীক্ষিত | ৩০.০৯.২০২৩ অনিরীক্ষিত | ৩০.০৯.২০২২ অনিরীক্ষিত | ৩১.০৩.২০২৩ নিরীক্ষিত |
| ১. মোট আয় | ২.৪০ | ২.৪২ | ১.৯৬ | ৪.৮২ | ৩.৯০ | ৮.০৯ |
| ২. লাভ / (ক্ষতি) করের আগে | (৬.২৪) | (৪.০৪) | (১.২৪) | (১০.২৮) | (২.২০) | (১৯.০৭) |
| ৩. করের পরে সাধারণ কার্যকলাপ থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) | (৫.৪০) | (৩.১৯) | (১.২৪) | (৮.৫৯) | (২.২০) | (১৫.৯৩) |
| ৪. মোট বিস্তৃত আয় / (ক্ষতি) (প্রকৃত কর) | ৭০.০২ | (৩.১৯) | (১.২৪) | ৬৬.৮৩ | (২.২০) | ৫৮৭.৪৬ |
| ৫. ইক্যুটি শেয়ার মূলধন | ২৪.৫০ | ২৪.৫০ | ২৪.৫০ | ২৪.৫০ | ২৪.৫০ | ২৪.৫০ |
| ৬. মজুত (বিগত বছরের ব্যালান্সশীট অনুযায়ী পুনর্মূল্যায়ন সংরক্ষণ ব্যতীত) | - | - | - | - | - | ১২০৩.৭০ |
| ৭. শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০/- টাকা করে) (চালু ও বন্ধ হয়ে যাওয়া কার্যকলাপের জন্য) | | | | | | |
| ক. মূল | (২.২১) | (১.৩০) | (০.৫০) | (৩.৫১) | (০.৯০) | (৬.৫০) |
| খ. লঘুকৃত | (২.২১) | (১.৩০) | (০.৫০) | (৩.৫১) | (০.৯০) | (৬.৫০) |

দ্রষ্টব্য : সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫'এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানীর ৩০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে সমাপ্ত বিস্তারিত ত্রৈমাসিক ও ষান্মাসিক আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণীটি স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল। কোম্পানীর ৩০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে সমাপ্ত বিস্তারিত ত্রৈমাসিক ও ষান্মাসিক আর্থিক ফলাফল পাওয়া যাবে বিএসই লিমিটেডের ওয়েবসাইট (www.bseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইটে (www.easyfincorp.com).

ইজি ফিনকর্প লিমিটেডের পক্ষে
রাজেন্দ্র দে
ডিরেক্টর
DIN - 07011234
স্থান : কলকাতা
তারিখ : ০৩.১১.২০২৩

**জৈন বাণিজ্য উদ্যোগ লিমিটেড**
CIN : L51909WB1984PLC038212
৯৮ ক্রিস্টোফার রোড, ফ্ল্যাট-১, বি-৫, বৃন্দাবন গার্ডেন, কলকাতা - ৭০০ ০৪৬
৩০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও ষান্মাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ
(০০০ টাকায়)

| ক্র. নং. | বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০২৩ অনিরীক্ষিত | সমাপ্ত ষান্মাসিক ৩০.০৯.২০২৩ অনিরীক্ষিত | সংশ্লিষ্ট সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০২২ অনিরীক্ষিত |
|---|---|---|---|---|
| ১. | কাজের থেকে মোট আয় (প্রকৃত) | ২৪৭৩১.৮২ | ৩১৪৮১.৯৫ | ৪৩৫৪.২২ |
| ২. | এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (করের, ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার আগে) | ২৩৭৬৬.৮৯ | ২৯৩২৮.৫৬ | ২৬৩৭.১৬ |
| ৩. | করের আগে এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার পর) | ২৩৭৬৬.৮৯ | ২৯৩২৮.৫৬ | ২৬৩৭.১৬ |
| ৪. | করের পর এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার পর) | ২৩০৩২.৪৮ | ২৭২২৭.০২ | ১৯৮৮.৮৮ |
| ৫. | এই পর্বের জন্য মোট বিস্তৃত আয় (এই পর্ব থেকে বিস্তৃত আয় / (ক্ষতি) (করের পর) ও অন্যান্য বিস্তৃত আয় (করের পর) | ২৩০৩২.৪৮ | ২৭২২৭.০২ | ১৯৮৮.৮৮ |
| ৬. | ইক্যুটি শেয়ার মূলধন | ৩২৪৯০.০০ | ৩২৪৯০.০০ | ৩২৪৯০.০০ |
| ৭. | শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০/- টাকা করে) (চালু ও বন্ধ হয়ে যাওয়া কার্যকলাপের জন্য) | | | |
| | মূল | ৭.০৯ | ৮.৩৮ | ০.৬১ |
| | লঘুকৃত | ৭.০৯ | ৮.৩৮ | ০.৬১ |

দ্রষ্টব্য :
সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল। কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিকের আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে ও কোম্পানীর ওয়েবসাইটে - www.jainvanijya.com

জৈন বাণিজ্য উদ্যোগ লিমিটেড
স্বাক্ষর
অম্বিতা মোহনসরিয়া
ম্যানেজিং ডিরেক্টর
DIN : 09083595
স্থান : কলকাতা
তারিখ : ০৩.১১.২০২৩